# যুক্তরাজ্যের বাজারে ২০২৯ পর্যন্ত শুল্কমুক্ত সুবিধা বহাল রাখার ঘোষণা



সংগৃহীত ছবি

বাংলাদেশের রপ্তানি খাতে বড় স্বস্তির খবর দিয়েছে যুক্তরাজ্য। ঢাকায় ব্রিটিশ হাইকমিশনার সারাহ কুক জানিয়েছেন, ২০২৯ সাল পর্যন্ত যুক্তরাজ্যে বাংলাদেশি পণ্য রফতানিতে শুল্কমুক্ত প্রবেশাধিকার অব্যাহত থাকবে।

শনিবার সন্ধ্যায় রাজধানীতে আয়োজিত 'এইচএসবিসি এক্সপোর্ট এক্সিল্যান্স অ্যাওয়ার্ড ২০২৫' অনুষ্ঠানে তিনি বলেন, বাংলাদেশের বাজার সক্ষমতা ও রপ্তানি সম্ভাবনা বিবেচনায় যুক্তরাজ্য দীর্ঘমেয়াদি সুবিধা ধরে রাখার সিদ্ধান্ত নিয়েছে।

হাইকমিশনারের ভাষ্য অনুযায়ী, ২০২৯ সালের পরও বাংলাদেশ থেকে পাঠানো পণ্যের প্রায় ৯২ শতাংশ যুক্তরাজ্যের বাজারে শুল্কমুক্ত থেকে যাবে। তিনি মনে করেন, এই ধারাবাহিকতা রপ্তানি খাতকে আরও বৈচিত্র্যময় ও স্থিতিশীল করবে এবং বিনিয়োগে নতুন সম্ভাবনার দ্বার খুলবে।

সারাহ কুক আরও বলেন, যুক্তরাজ্য বাংলাদেশকে কৌশলগত বাণিজ্য অংশীদার হিসেবে দেখে এবং ভবিষ্যতে দুই দেশের অর্থনৈতিক সহযোগিতা আরও সম্প্রসারিত হবে বলে তারা আশাবাদী।

LENS ASIA